



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

8 January 2026

7:35 AM IST

আসাম তথা সমগ্ৰ উত্তৰ পূৰ্বাঞ্চলে ভাৰতীয় জনতা পাৰ্টিৰ অন্যতম স্থপতি, প্ৰাক্তন কেন্দ্ৰীয় মন্ত্ৰী, বৰাক উপত্যকাৰ প্ৰবীণ ৰাজনৈতিক ব্যক্তিত্ব, বিশিষ্ট শিক্ষাবিদ কবীন্দ্ৰ পুৰকায়স্থ নশ্বৰ দেহ আজ সকালে শিলচৰ নতুনপট্টিতে তাঁৰ নিজ বাসভবনে নিয়ে আসা হৰে । সেখান থেকে ইটখোলায় দলীয় কাৰ্যালয়ে আনা হৰে । পৰে জেলা ক্ৰীড়া সংস্থৰ মাঠে সৰ্বসাধাৰনেৰ শ্ৰদ্ধাৰ জন্ম কিছু সময় রাখা হৰে । এৰপৰ বিকেল দিকে তাঁৰ মৰদেহ শিলচৰ শ্মশান ঘাটে শেষকৃত্যেৰ জন্মে নিয়ে যাওয়া হৰে ।

জননেতা কবীন্দ্ৰ মৃত্যুতে বিভিন্ন মহল থেকে শোক প্ৰকাশ করা হয়েছে । প্ৰধানমন্ত্ৰী নৰেন্দ্ৰ মোদী টুইট করে প্ৰয়াত পুৰকায়স্থেৰ মৃত্যুতে শোক প্ৰকাশ করে আসামেৰ উন্নয়নে তাঁৰ অবদান চিৰস্মৰণীয় হয়ে থাকবে বলে জানিয়েছেন । কেন্দ্ৰীয় স্বৰাষ্ট্ৰমন্ত্ৰী অমিত শাহ , প্ৰয়াত কবীন্দ্ৰ পুৰকায়স্থ কঠিন সময়ে মানুষেৰ উন্নয়নে নিজেকে উৎসৰ্গ করেছিলেন বলে মন্তব্য করেন । মুখ্যমন্ত্ৰী ডঃ হিমন্তুবিশ্ব শৰ্মা সামাজিক মাধ্যমে শোক প্ৰকাশ করে বলেছেন যে- কবীন্দ্ৰ পুৰকায়স্থেৰ নেতৃত্বে ভাৰতীয় জনতা পাৰ্টি এবং

জাতীয়তাবাদী মতাদর্শের বীজ আসামে বপন হয়েছিল, যা আজ এক প্রকাণ্ড বটবৃক্ষের রূপ ধারণ করেছে। দেশের সামাজিক-রাজনৈতিক ক্ষেত্রের পাশাপাশি বরাক উপত্যকা তথা আসামের জন্য কবীন্দ্র পুরকায়স্থের অবদান অনন্য। তাঁর মৃত্যুতে সামাজিক জীবনের এক অপূরণীয় ক্ষতি হয়েছে বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেছেন।

এদিকে বিজেপির অন্যতম প্রতিষ্ঠাতার প্রতি শ্রদ্ধা জানিয়ে রাজ্য বিজেপি আজ দলীয় কার্যসূচি বাতিল করেছে এবং দলের সব কার্যালয়ে দলীয় পতাকা অর্ধনমিত রাখতে রাজ্য বিজেপি সভাপতি দিলীপ শইকিয়া নির্দেশ দিয়েছেন। এদিকে রাজ্যের মন্ত্রী ডাঃ রণোজ পেগু, পীযুষ হাজারিকা সহ বহু বিশিষ্ট ব্যক্তি তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেছেন।

বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে বলেন-

#বাইট#

উল্লেখ্য দীর্ঘ রোগ ভোগের পর গতকাল বিকেল পাঁচটা বেজে ছয় মিনিটে জননেতা কবীন্দ্র পুরকায়স্থ শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৯৪। ১৯৩১ সালের ১৫ই ডিসেম্বর অবিভক্ত ভারতের শ্রীহট্ট জেলার কমারখালের পুরকায়স্থ পরিবারে তাঁর জন্ম। পরবর্তীতে তাঁরা কাছাড় জেলায় স্থায়ীভাবে বসবাস করতে শুরু করেন। যুবক বয়সে রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘ, পরে জনসঙ্ঘ এবং পরবর্তীতে ভারতীয় জনতা পার্টিতে যোগদান করা প্রয়াত পুরকায়স্থ শুধু বরাক উপত্যকাতেই নয়, আসাম সহ সমগ্র উত্তর পূর্বাঞ্চলে ভারতীয় জনতা পার্টির সাংগঠনিক ভিত শক্তিশালী করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন

করেছেন । জীবনের প্রথম দিকে রামকৃষ্ণ নগরের রামকৃষ্ণ বিদ্যাপীঠে শিক্ষকতা করা প্রয়াত পুরকায়স্থ দলের স্বার্থে অধ্যক্ষ পদ ত্যাগ করে সম্পূর্ণরূপে ভারতীয় জনতা পার্টির কাজে মনোনিবেশ করেন । ১৯৯১ সালে প্রথমবারের মতো শিলচর লোকসভা আসনে প্রতিদ্বিতা করে সাংসদ নির্বাচিত হন । বিজেপির এই প্রবীণ নেতা পরে ১৯৯৮ থেকে ১৯৯৯ সাল পর্যন্ত অটল বিহারী বাজপেয়ী সরকারের যোগাযোগ দপ্তরের প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছেন ।

রাজ্যে একটি শুদ্ধ ভোটার তালিকা প্রস্তুত করা প্রতিটি রাজনৈতিক দলের দায়িত্ব বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তুবিশ্ব শর্মা মন্তব্য করেছেন । গতকাল ধেমাজিতে অনুষ্ঠিত মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে হিতাধীকারীদের চেক বিতরণের পর সংবাদ মাধ্যমের সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন যে- অবৈধ নাগরিকদের নাম ভোটার তালিকা থেকে কাটার ব্যাপারে বিজেপি নেতৃত্বাধীন সরকার প্রথম থেকেই কঠোর অবস্থান গ্রহণ করে আসছে । সন্দেহভাজন নাগরিকদের বিরুদ্ধে প্রত্যেক ভারতীয় নাগরিক ৬, ৭ এবং ৮ নম্বরের নির্ধারিত প্র-পত্র পূরণ করে অভিযোগ দাখিল করতে পারবেন বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন ।

বাইট# (সি এম)

হাইলাকান্দি জেলা আদালতে ভয়াবহ বোমা বিস্ফোরনের
ছমকি সহ আসা একটি ই-মেইলের ফলে ^{সংগঠনের} শহর জুড়ে তীব্র
চাঞ্চল্যের সৃষ্টি হয়। আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে
ই-মেইলটিতে আদালত ভবনের ভিতরে একাধিক বিস্ফোরনের
ব্যবস্থা করা হয়েছে বলে উল্লেখ করা সহ নির্দিষ্ট সময়ের মধ্যে
আদালত চত্বর খালি করতে ছমকি দেওয়া হয়েছে। খবর
পাওয়ার সঙ্গে সঙ্গে জেলা প্রশাসন ও নিরাপত্তা বাহিনী
তামিলনাড়ুর পুলিশ প্রশাসনের সঙ্গে যোগাযোগ করে একটি
উগ্রপন্থী সংগঠনের নাম উল্লেখ করে আত্মঘাতী আক্রমণের
আশংকা প্রকাশ করেছে। ঘটনাটির তদন্ত শুরু হয়েছে এবং
পরিস্থিতির উপর কড়া নজর রাখা হচ্ছে।